

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৫২

80/ কিয়ামত (ﷺ আله عن رسول الله هيأ) পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَاتِمٍ الْمُؤَدِّبُ، حَدَّثَنَا عَمَّارُ بْنُ مُحَمَّدِ ابْنُ أُخْتِ، سُفْيَانَ التَّوْرِيِّ حَدَّثَنَا أَبُو الْجَارُودِ الْأَعْمَى، وَاسْمُهُ، زِيَادُ بْنُ الْمُنْذِرِ الْهَمْدَانِيُّ عَنْ عَطِيَّةَ الْعَوْفِيِّ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَيُّمَا مُؤْمِنِ أَطْعَمَ مُؤْمِنًا عَلَى جُوعٍ أَطْعَمَهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ مِنْ ثِمَارِ الْجَنَّةِ وَأَيُّمَا مُؤْمِنِ سَقَى مُؤْمِنًا عَلَى ظَمَإٍ سَقَاهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ مِنْ المَخْتُومِ وَأَيُّمَا مُؤْمِنِ كَسَا مُؤْمِنًا عَلَى عُرْي كَسَاهُ اللَّهُ مِنْ اللَّهُ عَنْ أَبِي خَصْرِ الْجَنَّةِ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَقَدْ رُويِيَ هَذَا عَنْ عَطِيَّةَ عَنْ أَبِي سَعِيد مَوْقُوفٌ وَهُوَ أَصِبَ عُ عِنْدَنَا وَأَشْبَهُ .

## বাংলা

২৪৫২. মুহাম্মদ ইবন হাতিম মুআদদিব (রহঃ) ..... আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন মু'মিন যদি আরেক মু'মিনের ক্ষুধায় অন্ন যোগায় তবে কিয়ামতের দিন আল্লাহ তাআলা তাকে জান্নাতের ফল আহার করাবেন। কোন মুমিন যদি অন্য কোন মুমিনের পিপাসায় পানি পান করায় তবে কিয়ামতের দিন আল্লাহ তাআলা তাকে ''রাহীক মাখতুম'' সীল করা জান্নাতী পানীয় পান করাবেন। কোন মুমিন যদি অন্য কোন বস্ত্রহীন মুমিনকে পরিধান করায় তবে আল্লাহ তাআলা তাকে জান্নাতের সবুজ বস্ত্র পরিধান করাবেন। যঈফ, মিশকাত ১৯১৩, যইফ আবু দাউদ ৩০০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৪৯ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি গারীব। এটি আতিয়্যা-আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু সূত্রে মওকুফরূপেও বর্ণিত আছে। আমাদের মতে এটিই অধিক সহীহ এবং সামঞ্জস্যশীল।

## **English**



'Atiyyah Al-'Awfi narrated from Abu Sa'eed Al-Khudri,that The Messenger of Allah (s.a.w) said:

"Whichever believer feeds a hungry believer, Allah feeds him from the fruits of Paradise on the Day of Resurrection. Whichever believer gives drink to a thirsty believer, Allah gives him to drink from the 'sealed nectar' on the Day of Resurrection. Whichever believer clothes a naked believer, Allah clothes him from the green garments of Paradise."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন